জীবননগরে বিজিবির অভিযানে তিন পিস স্বর্ণের বারসহ এক কারবারী আটক

চুয়াডাঙ্গার জীবননগরে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) অভিযান চালিয়ে তিন পিস স্বর্ণের বারসহ মাহাবুল নামে এক কারবারীকে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় গোয়ালপাড়া নামক স্থানে অভিযান চালিয়ে স্বর্ণসহ ওই কারবারীকে আটক করে বিজিবি। আটককৃত কারবারী জীবননগর উপজেলার মেদিনীপুর গ্রামের মতিয়ার রহমানের ছেলে মাহাবুল হোসেন (৪২)।

মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের পক্ষ থেকে বিকেল সাড়ে ৪ টার সময় এক প্রেস বিজ্ঞপ্তিতে গণমাধ্যম কর্মীদেরকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, মহেশপুর-৫৮ ব্যাটালিয়নের বেনীপুর বিওপির একটি বিশেষ টহল দল গতকাল বৃহস্পতিবার গোয়ালপাড়া-জীবননগর মহাসড়কের গোয়ালপাড়া নামক স্থানে জাকা মোল্লার ইট ভাটার পূর্ব পাশে পাঁকা রাস্তার উপর অভিযান চালায়।

এসময় বিজিবি সদস্যরা মো. মাহাবুল হোসেনকে মোটরসাইকেল ও মোবাইলসহ আটক করে। পরে তার দেহ তল্লাশি করে তিন পিস স্বর্ণের বার উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত স্বর্ণের ওজন ৩৪৯ দশমিক ৪৯ গ্রাম। যার বর্তমান বাজার মূল্য ৬৫ লাখ ৯৩ হাজার ১২৫ টাকা।

আটককৃত কারবারিকে মোবাইল এবং মোটরসাইকেলসহ জীবননগর থানায় সোপর্দ এবং স্বর্ণ চুয়াডাঙ্গা জেলা সরকারী কোষাগারে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

জীবননগরে যুবকের মরদেহ উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগর থেকে এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। পরকীয়ার কারণে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটতে পারে বলে জানান নিহতের পরিবারের সদস্যরা।

মরদেহের সুরতাহল প্রস্তুত শেষে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে।

গতকাল বুধবার দুপুরে জীবননগর উপজেলার মনোহরপুর গ্রামের মাঠপাড়া থেকে এ মরদেহ উদ্ধার করা হয়। মৃত জাহিদুল ইসলাম জাহিদ(২৯) জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের দক্ষিণপাড়ার আশরাফ আলীর ছেলে।

জীবননগর থানার অফিসার ইনচার্জ মো. সোলায়মান শেখ জানান, মঙ্গলবার রাতে জাহিদুল ইসলাম জাহিদ বাড়ি থেকে বের হন ব্যক্তিগত কাজে যাওয়ার উদ্দেশ্যে। এরপর আর রাতে সে বাড়িতে ফিরে আসেনি। স্বাজনরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির পর কোথাও খুঁজে পাইনি। বেলা ১১টার দিকে গ্রামের কৃষকরা মাঠে কাজ করতে যাওয়ার সময় মাঠে তার মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়।

দুপুরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে জীবননগর থানায় নেয়। পরে ময়নাতদন্তের জন্য বিকালে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়।

তিনি আরো জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে পরকীয়া প্রেমের কারণে এ ঘটনা ঘটতে পারে। ময়নাতদন্ত রিপোর্ট হাতে পেলেই মৃত্যুর আসল কারণ জানা যাবে। ঘটনার সঠিক তথ্য উদঘাটনের জন্য পুলিশের কয়েকটি টিম কাজ করছে।

জীবননগরের বিএনপি নেতা

শামসুজ্জামান ডাবলু’র মৃত্যুতে উত্তপ্ত শহর, অবরোধ

চুয়াডাঙ্গার জীবননগরে বিএনপি নেতা শামসুজ্জামান ডাবলু’র মৃত্যু সংবাদে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং শহরের প্রধান সড়কগুলো অবরোধ করে শহরে বিক্ষোভ মিছিল করেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ ও সেনাবাহিনী প্রচেষ্টা চালিয়েও ব্যর্থ হয়।

গত সোমবার রাত ১০টায় সেনাবাহিনীর একটি টিম জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে তার ব্যবসা প্রতিষ্ঠানের পাশে একটি কক্ষে জিজ্ঞাসাবাদ এর এক পর্যায় গুরুতর অসুস্থ হয়ে পড়েন পরে সেনাবাহিনীর একটি টিম তাকে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শামসুজ্জামান ডাবলু জীবননগর পৌর বিএনপির সাধারণ সম্পাদক। মৃত্যুর খবর প্রকাশের সঙ্গে সঙ্গে স্থানীয় নেতাকর্মীরা স্বাস্থ্য কমপ্লেক্স এবং শহরের প্রধান সড়কগুলো অবরোধ করে। এই অবরোধ রাত ১টা থেকে দুপুর ১টা পর্যন্ত চলে।

সকাল ১০টায় সেনাবাহিনীর একটি টিম স্থানীয় শান্তি বজায় রাখার চেষ্টা করলেও তারা ব্যর্থ হয়ে ফিরে যান। এরপর সকাল ১১টায় জীবননগর থানার একটি টিম স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে কথা বলার চেষ্টা করলে বিক্ষিপ্ত জনতা তাদের উপর হামলা চালায়। এ সময় জীবননগর থানার ওসি সহ কয়েকজন পুলিশ কর্মকর্তা আহত হন।

দুপুর ১টায় লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি মাহমুদ হাসান খান বাবু, সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ, জেলা প্রশাসক মোঃ কামাল হোসেন এবং পুলিশ সুপার মোঃ মনিরুল ইসলাম । লাশ নেওয়ার পরপরই জীবননগরের প্রধান সড়কগুলো ধীরে ধীরে স্বাভাবিক হতে শুরু করে এবং ব্যবসায়ীরা দোকান খুলতে থাকেন।

জেলা প্রশাসন মোঃ কামাল হোসেন বলেন, ময়না তদন্ত করা হবে ময়না তদন্ত শেষে যারা এই ঘটনার সাথে জড়িত তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

জীবননগর যুবদল ও ছাত্রদলের নির্বাচনী কর্মশালা

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গার জীবননগরে যুবদল ও ছাত্রদলের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ছাত্রদলের কর্মশালা অনুষ্ঠিত হয়। পরে দুপুর সাড়ে ১২টার দিকে যুবদলের কর্মশালা শুরু হয়। এই কর্মশালা চলে বেলা দেড়টা পর্যন্ত। মনোহরপুর স্কুল মাঠে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে নির্বাচনী প্রশিক্ষণ দেন বিজিএমইএর সভাপতি, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সভাপতি ও চুয়াডাঙ্গা- ২ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবু। এ সময় তিনি ছাত্রদল ও যুবদলের নেতাকর্মীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, টিম অনুযায়ী কাজ করতে হবে; বিশৃঙ্খলা করা যাবে না; কোনো প্রশ্নের উত্তর না জানলে নিজের মতো করে উত্তর দেওয়া যাবে না।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ মিল্টন, জীবননগর উপজেলা বিএনপির সভাপতি আনোয়ার হোসেন খান খোকন, সাধারণ সম্পাদক শাহজাহান আলী এবং সিনিয়র সহসভাপতি আবুল কালাম আজাদ।

ছাত্রদলের পক্ষে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা ছাত্রদলের আহ্বায়ক জিল্লুর রহমান, সদস্যসচিব মো. মোকছেদুর রহমান রিমন, যুগ্ম আহ্বায়ক গোলাম রব্বানী, জীবননগর ডিগ্রি কলেজ ছাত্রদলের সভাপতি রিংকু এবং সাধারণ সম্পাদক ফরহাদ।

এদিকে যুবদলের পক্ষে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা যুবদলের আহ্বায়ক মঈন উদ্দীন ময়েন, পৌর যুবদলের আহ্বায়ক হযরত আলী, উপজেলা যুবদলের সদস্যসচিব কামরুল ইসলাম, পৌর যুবদলের সদস্যসচিব মো. মনির হোসেন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. সাইফুল ইসলাম, মো. মিনাজুল ইসলাম, মো. সাইদুর রহমান রানা, সরোয়ার হোসেন,

পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. আনার হোসেন, মো. জহিরুল ইসলাম মিঠু, মো. আজমত আলী, মো. আব্দুল আলীম এবং মো. মতিয়ার রহমান।

জীবননগরে ইয়াবাসহ উজির গ্রেপ্তার

চুয়াডাঙ্গার জীবননগর থানা পুলিশ অভিযান চালিয়ে ইয়াবাসহ উজিরকে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার বেলা আড়াইটার দিকে জীবননগর পৌরসভার লক্ষীপুর পশ্চিম পাড়ায় নিজ বসতবাড়িতে ইয়াবা বিক্রির সময় তাকে আটক করে পুলিশ।

আটককৃত উজির, ওরফে ঘরজামাই উজির (৬০)। তার কাছ থেকে ৬০ পিস ইয়াবা উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে জীবননগর থানা পুলিশ।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে উজিরের বাড়িতে অভিযান চালিয়ে তাকে হাতেনাতে আটক করা হয়।

এ বিষয়ে জীবননগর থানার (ওসি তদন্ত) রিপন কুমার বলেন, মাদকের বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স নীতি। এ ধরনের অভিযান নিয়মিতভাবে চলবে। আটককৃত আসামীর বিরুদ্ধে জীবননগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে।

জীবননগরে কৃষকদের মাঝে

বিনামূল্যে ধানবীজ ও সার বিতরণের উদ্বোধন

চুয়াডাঙ্গার জীবননগরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো হাইব্রিড, বোরো উফশী ধানবীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদানের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকালে উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ের সামনে এসব ধানবীজ ও বিভিন্ন প্রকার সার বিতরণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমে বোরো হাইব্রিড ও বোরো উফশী ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করছে জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

কৃষকদের মাঝে বিনামূল্যে ধানবীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আল আমীন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দজাদী মাহাবুবা মঞ্জুর মওনা, কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জুয়েল শেখ, পল্লী উন্নয়ন কর্মকর্তা জামিল আকতার, সমাজসেবা কর্মকর্তা জাকির হোসেন মোল্লা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. পারভেল রানা, উপসহকারী কৃষি কর্মকর্তা বীরেন্দ্র, শাহ আলম, দেলোয়ার হোসেন, শিমুল পারভেজসহ কৃষকবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, উপজেলার বিভিন্ন এলাকার ৬৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ৫ কেজি বোরো উফশী ধানবীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়। এছাড়া ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ২ কেজি করে বোরো হাইব্রিড ধানবীজ প্রদান করা হয়।

এসময় কৃষকদের বীজ ও রাসায়নিক সারের যথাযথ ব্যবহারের পরামর্শ দেওয়া হয় এবং বোরো ধান চাষাবাদ ও বালাই ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়।

জীবননগরে খুচরা সার ব্যবসায়ীদের মানববন্ধন ও প্রতিবাদ সভা

সার নীতিমালা ২০২৫ অবিলম্বে বাতিলের দাবিতে মানববন্ধন, প্রতিবাদ সভা ও স্মারকলিপি প্রদান করেছেন জীবননগর উপজেলার খুচরা সার ও কীটনাশক ব্যবসায়ীরা।

গতকাল সোমবার দুপুর বারোটায় জীবননগর উপজেলা পরিষদ গেটের সামনে ঘণ্টাব্যাপী এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, নতুন সার নীতিমালা ২০২৫ বাস্তবায়ন হলে খুচরা সার ব্যবসায়ীরা চরমভাবে ক্ষতিগ্রস্ত হবেন। দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠিত ব্যবসায়ীরা অস্তিত্ব সংকটে পড়বেন এবং সার বিপণন ব্যবস্থায় অস্থিতিশীলতা সৃষ্টি হবে বলেও দাবি করেন তারা। এ সময় বক্তারা নীতিমালা বাতিল করে মাঠপর্যায়ের ব্যবসায়ীদের স্বার্থ রক্ষায় যুক্তিযুক্ত বিকল্প নীতিমালা প্রণয়নের আহ্বান জানান।

পরে ব্যবসায়ী সমিতির নেতারা জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে কৃষি মন্ত্রণালয় বরাবর একটি স্মারকলিপি প্রদান করেন।

সার ব্যবসায়ী নেতা আলমগীর হোসেন, আব্দুল কাদের, বাবুল আক্তার, জহুরুল ইসলামসহ অন্যান্য বক্তারা জানান, কৃষকদের কাছে সঠিক সময়ে সার পৌঁছে দিতে খুচরা ব্যবসায়ীরা দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছেন। কিন্তু হঠাৎ করে নতুন নীতিমালা চাপিয়ে দিলে মাঠপর্যায়ে সার সরবরাহ ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে।

কর্মসূচিতে উপজেলার বিভিন্ন ইউনিয়নের শতাধিক সার ও কীটনাশক ব্যবসায়ী উপস্থিত ছিলেন।

জীবননগরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করলেন জামায়াত মনোনীত প্রার্থী রুহুল আমিন

চুয়াডাঙ্গা-২ (জীবননগর-দামুড়হুদা) আসনের জামায়াতের মনোনীত প্রার্থী ও চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামীর আমির মোঃ রুহুল আমিন রোববার দুপুরে জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা করেন। জীবননগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মাহফুজুর রহমানের সভাপতিত্বে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নিজের নির্বাচনী অঙ্গীকার, উন্নয়ন ভাবনা এবং এলাকার বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা তুলে ধরেন।

মোঃ রুহুল আমিন বলেন, জনগণের কল্যাণে একটি কৃষি বিশ্ববিদ্যালয়, চ্যাংখালী স্থলবন্দর প্রতিষ্ঠা, জনগণের অধিকার নিশ্চিতকরণ, সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতিমুক্ত সমাজ গঠনে তিনি কাজ করতে চান। এ সময় তিনি সাংবাদিকদের ভূমিকা ও সহযোগিতার প্রতি গুরুত্ব আরোপ করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা আজিজুর রহমান, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম. আর. বাবু, সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক শামসুল আলম, দৈনিক চুয়াডাঙ্গা পত্রিকার সম্পাদক শেখ আব্দুল আজিজ, দৈনিক আমার দেশ পত্রিকার জেলা প্রতিনিধি মফিজ জোয়ার্দার, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি আতিয়ার রহমান, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক নুর আলম, সাংবাদিক আকিমুল ইসলাম, মিঠুন মাহমুদ, মুন্সী রায়হান, জামাল হোসেন খোকন, হুমায়ুন, এম আই মুকুল, রিপন হোসেন, মুতাসিন বিল্লাহ, তুহিনুজ্জামান, কাজল হোসেন, তারেক, আব্দুল্লাহ, রমজান আলী, আহমেদ সগীর, রকি, অনিকসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা।

উক্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন জীবননগর উপজেলা যুব জামায়াতের সভাপতি মাজেদুর রহমান লিটন।

জীবননগর প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ

চুয়াডাঙ্গার জীবননগর প্রেসক্লাবের ২০২৫-২৭ সেশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা সাড়ে ১২টায় জীবননগর প্রেসক্লাবের আয়োজনে রেস্টুরেন্ট থ্রি স্টারের কনফারেন্স রুমে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজিব হাসেন কচি আনুষ্ঠানিকভাবে কমিটির সভাপতি এমআর বাবু ও সাধারণ সম্পাদক নূর আলমকে শপথ পাঠ করান। কমিটির অন্যান্য সদস্যদের শপথ বাক্য পাঠ করান চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি অ্যাডভোকেট মানিক আকবর।

অনুষ্ঠানে বক্তারা সাংবাদিকতার মূল আদর্শ সত্য, ন্যায় ও নিরপেক্ষতা অটুট রেখে জনস্বার্থে কাজ করার আহ্বান জানান।

শপথগ্রহণ অনুষ্ঠানকে ঘিরে কনফারেন্স প্রাঙ্গণে ছিল প্রাণবন্ত পরিবেশ। উপস্থিত ছিলেন দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক আজকের চুয়াডাঙ্গা পত্রিকার সম্পাদক প্রকাশক বিপুল আশরাফ, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও ডিবিসি টিভির জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, দৈনিক চুয়াডাঙ্গা প্রত্রিকা পত্রিকার সম্পাদক মাওলানা আজিজুর রহমান।

শপথ গ্রহণ করেন দৈনিক ভোরের কাগজ পত্রিকার মামুনউর রহমান, আন্দোলনের বাজার পত্রিকার মুন্সী রায়হান উদ্দিন, দৈনিক সংগ্রাম পত্রিকার মাজেদুর রহমান লিটন, মাথাভাঙ্গা পত্রিকার নারায়ণ ভৌমিক, দৈনিক মানবজমিন পত্রিকার হুমায়ুন কবির, আকাশ খবর পত্রিকার বশির উদ্দিন বিশ্বাস, সকালের সময় পত্রিকার এম আই মুকুল, দৈনিক দেশের বানী পত্রিকার জাহাঙ্গীর আলম, দৈনিক এই আমার দেশ পত্রিকার মুন্সী খোকন, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার মিঠুন মাহমুদ।

এছাড়াও উপস্থিত ছিলেন দৈনিক আমাদের সময় পত্রিকার জেলা প্রতিনিধি

আকিমুল ইসলাম, দৈনিক জনবানী পত্রিকার জামাল হোসেন খোকন, মনিরুল ইসলাম প্রমুখ।

জীবননগরে গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় জীবননগর উপজেলা পরিষদ হলরুমে সভাটি অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার ও গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো: আল-আমীনের সভাপতিত্বে সভায় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, বাড়ির কাছে গ্রাম আদালত, কেন হাঁটিব দূরের পথ। তিনি বলেন, প্রান্তিক জনগোষ্ঠীর মানুষ গ্রাম আদালতে আবেদন করে কোনো উকিল নিয়োগ বা ঝামেলা ছাড়াই আইনের সেবা পেতে পারে। গ্রাম আদালতের মাধ্যমে বিরোধ নিষ্পত্তি হলে নতুন বিরোধ সৃষ্টি হয় না। আইনের সেবা প্রদানে চেয়ারম্যানদের আরও স্বচ্ছ ও নিরপেক্ষ থাকতে হবে এবং উচ্চ আদালতের মামলা জট কমাতে নিয়মিত গ্রাম আদালত পরিচালনা করতে হবে। এছাড়া তিনি ইউপি চেয়ারম্যানদের পরামর্শ দেন, গ্রাম আদালতের এখতিয়ারভুক্ত মামলা দ্রুত এবং সচেতনভাবে নিস্পত্তি করতে।

প্রকল্পের উপজেলা সমন্বয়কারী শিশির চৌকিদারের সঞ্চলনায় সভায় উপস্থিত ছিলেন কমিটির সদস্য সচিব ও সমাজসেবা কর্মকর্তা জাকির উদ্দিন মোড়ল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (অপারেশন) আতিয়ার রহমান, মহিলা বিষয়ক কর্মকর্তা মো: তাজুল ইসলাম, ইউপি চেয়ারম্যান/প্রশাসক, গণমাধ্যমকর্মীসহ অন্যান্য সদস্যবৃন্দ।